



বিএএফ শাহীন কলেজ বগুড়া

বারপুর, বগুড়া সদর, বগুড়া

EIIN- 139080
School Code- 4342
College Code- 4369

ওয়েবসাইট: www.bafsb.edu.bd ই-মেইল: bafshaheenbogura@gmail.com

মোবাইল: ০১৩১৩৭২১২১১, ০১৩১৩৭২১২১৮, ০১৭৬৯৪০৫৫৯২

ভর্তি বিজ্ঞপ্তি

কেজি শ্রেণি (শিক্ষাবর্ষ: ২০২৫)

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত বিএএফ শাহীন কলেজ বগুড়ায় ২০২৫ শিক্ষাবর্ষে বাংলা ভাষনে কেজি শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ফরম ২৭ অক্টোবর থেকে ১৬ নভেম্বর ২০২৪ ইং পর্যন্ত অনলাইনে পূরণ করা যাবে। এছাড়াও অফিস চলাকালীন সময়ে অনলাইনে ভর্তির আবেদন সংক্রান্ত যেকোনো প্রয়োজনে হেল্প ডেস্ক এবং উপরোক্ত ফোন নাম্বার থেকে সহযোগিতা নেওয়া যাবে।

১। আবেদন প্রক্রিয়া (অনলাইন)

ক। অনলাইনের মাধ্যমে www.bafsb.edu.bd ওয়েব সাইটে প্রবেশ করে Admission Tab এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে ভর্তির আবেদন করা যাবে।

খ। ভর্তির আবেদন ফি ১০০ টাকা সাথে অনলাইন চার্জ প্রযোজ্য।

গ। আবেদনের সময় পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও জন্ম নিবন্ধন সনদ সাথে রাখতে হবে।

২। অনলাইন আবেদন পত্রের হার্ডকপি কলেজে জমাদান প্রক্রিয়া (সরাসরি)

শিক্ষার্থী এবং অভিভাবকগণ কলেজে উপস্থিত হয়ে অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের প্রিন্ট কপির সঙ্গে নিম্নোল্লিখিত প্রয়োজনীয় কাগজ পত্রসহ আগামী ১৯-২১ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত (০৯০০ থেকে ১৪০০ ঘটিকা) কলেজে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশ গ্রহণ করবেন। সাক্ষাৎকারের তারিখ ও সময় এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

ক। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০২ কপি)।

খ। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন কার্ডের সত্যায়িত ফটোকপি (০১ কপি)।

গ। পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (০১ কপি)।

ঘ। পিতা ও মাতার পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০১ কপি)।

৩। কেজি শ্রেণিতে ভর্তির জন্য প্রযোজ্য বয়স

ক। কেজি শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন জন্মনিবন্ধন অনুযায়ী বয়স ৫-৬ বছরের মধ্যে হতে হবে (০১ জানুয়ারি ২০২৫ তারিখে)।

৪। সশস্ত্র বাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত (সেনা, নৌ, বিমান বাহিনী) কর্মকর্তা/কর্মচারীগণের সন্তান/পোষ্যদের জন্য উপরোক্ত কাগজপত্র ছাড়াও নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে):

ক। পিতা মাতার চাকরীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র। (পোষ্যদের ক্ষেত্রে)

খ। সার্ভিস পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

৫। কেজি শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া

ক। কেজি শ্রেণিতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ (১৯-২১ নভেম্বর ২০২৪)।

খ। সাক্ষাৎকার গ্রহণের সময় শিক্ষার্থীর সঙ্গে অভিভাবককে উপস্থিত থাকতে হবে।

গ। লটারি ও ফলাফল (২৪ নভেম্বর ২০২৪)।

ঘ। লটারিতে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড/ওয়েব সাইট/এসএমএস এর মাধ্যমে ফলাফল প্রকাশ করা হবে।

ঙ। নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম (০১-০৫ ডিসেম্বর ২০২৪)। লটারিতে নির্বাচিত শিক্ষার্থীরা অনলাইনে আবেদনের সময় প্রাপ্ত রোল নম্বর, সরবরাহকৃত আইডি ও পার্সওয়ার্ড ব্যবহার করে কলেজ ওয়েবসাইট www.bafsb.edu.bd এ প্রবেশ করে অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি সংক্রান্ত জরুরী প্রয়োজনে- ০১৩১৩৭২১২১১ এই নম্বরে যোগাযোগ করা যেতে পারে।